# 2025

# BENGALI

## (MODERN INDIAN LANGUAGE)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three hours**

*All questions are compulsory.*

*Marks are indicated against each question.*

### UNIT – I (Prose)

### 'ক' – গুচ্ছ (গদ্যাংশ)

১। 'মার্জার কাকে বলে ? ১

(ক) বিড়াল

(খ) ইদুঁর

(গ) কুকুর

২। প্রসন্ন গোয়ালিনীর গাভীর নাম কী ? ১

(ক) সুজলা

(খ) মঙ্গলা

(গ) কমলা

৩। আপ্তবাক্যের অর্থ কী ? ১

৪। নরেশ কী বিষয়ে এম. এ পাশ ? ১

৫। মূল্যবোধ বলতে কী বোঝো ? ২

৬। আদালতে বিচারকের কাছে প্রত্যক্ষ প্রমাণ কী ? ২

৭। নরেশ ও পরেশের ছোট ভাই কে ? সে কী করত ? ২

৮। পল্টুর চেহারার বর্ণনা দাও। ২

৯। "থাম থাম মার্জার পন্ডিত, তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক"। সোশিয়ালিস্টিক শব্দের অর্থ কী ? ২

১০। তপেশের পৈত্রিক সম্পত্তি কীভাবে খরচ হয়েছিল ? ৩

১১। 'ধনীর দোষে দরিদ্র চোর হয়' – তাৎপর্য ব্যাখ্যা করো। ৩

১২। নরেশ ও পরেশের চরিত্র তুলনামূলক আলোচনা করো। ৫

## UNIT – II (Poetry)

### 'খ' – গুচ্ছ (পদ্যাংশ)

১৩। 'পদরজ' শব্দের অর্থ কী ? ১

(ক) পাদুকা

(খ) পদধূলি

(গ) পায়ের অলঙ্কার

১৪। 'দুর্ভাগা দেশ' কবিতাটি – ১

(ক) গীতাঞ্জলি কাব্যগ্রন্থের অর্ন্তগত

(খ) বলাকা কাব্যগ্রন্থের অর্ন্তগত

(গ) সোনার তরী কাব্যগ্রন্থের অর্ন্তগত

১৫। রূপাই কবিতার কবি কে ? ১

১৬। 'এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট' – এইখানে বলতে কবি কী বুঝিয়েছেন ? ১

১৭। বুদ্ধগয়া কেন বিখ্যাত ? ২

১৮। বেহুলা কে ? ২

১৯। টীকা লেখো : 'জারীগান'। ২

২০। 'মূল্য' বলতে কী বোঝায় ? ২

২১। 'মানুষের অধিকার থেকে বঞ্চিত করেছ যারে' – কে কাকে মানুষের অধিকার থেকে বঞ্চিত করেছে ? ২

২২। 'সম্মুখে দাঁড়ায়ে রেখে তবু কোলে দাও নাই স্থান' – অর্থ পরিস্ফুট করো। ৩

২৩। কবির অনুসারে বাংলার গাছ গাছালির বর্ণনা দাও। ৩

২৪। 'সাম্যবাদী' কবিতার সারমর্ম লেখো। ৫

## UNIT – III (Reading)

### 'গ' – গুচ্ছ (পঠন)

নিম্নোক্ত রচনাংশটি পড়ে ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ও ৩১ নম্বর প্রশ্নের উত্তর দাও :

১৯১৩ সালে রবীন্দ্রনাথ তাঁহার গীতাঞ্জলি কাব্যগ্রন্থের জন্য বিশ্বের শ্রেষ্ঠ সাহিত্য পুরস্কার নোবেল প্রাইজ লাভ করেন। গীতাঞ্জলির আধ্যাত্মমুখী অকপট সারল্যই য়ুরোপীয় সুধীমন্ডলীর দৃষ্টি আকর্ষণ করেন। এশিয়া মহাদেশে তিনিই সর্বপ্রথম সাহিত্যের জন্য এই পুরস্কার লাভ করেন। নোবেল পুরস্কারের লক্ষাধিক টাকা রবীন্দ্রনাথ নিজে গ্রহণ না করে স্বপ্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় 'শান্তিনিকেতনের' উন্নতিকল্পে দান করেন।

রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন, উদার প্রকৃতির শান্ত পরিবেশ স্বাধীন শিক্ষার্থীকে তার মনের অনুকূল শিক্ষা গ্রহণের সুযোগ দিলে মনুষ্যত্বের পূর্ণতর বিকাশ সহজ হয়। স্কুল পাঠশালার কারাগারে সুকুমারমতি ছাত্রদের বন্দী করে রাখলে 'ভিড়ে নববসন্তের দক্ষিন হাওয়া' বৃথাই 'দীর্ঘ নিশ্বাসে মুকুলিত বনের আকাশ আকুল করিয়া' দিয়ে যায়। রবীন্দ্রনাথ বীরভূম জেলার অন্তর্গত শান্ত নির্জন প্রাকৃতিক পরিবেশে 'শান্তিনিকেতন' নামক আদর্শ বিদ্যালয় প্রতিষ্ঠা করিয়া সহজ স্বাভাবিক শিক্ষা প্রচারে ব্রতী হন।

২৫। রবীন্দ্রনাথ কোন পুরস্কার লাভ করেন ? ১

(ক) রাষ্ট্রপতি পুরস্কার

(খ) নোবেল পুরস্কার

(গ) সাহিত্য পুরস্কার

২৬। এশিয়া মহাদেশে কে সর্বপ্রথম সাহিত্যের জন্য নোবেল পুরস্কার লাভ করেন ? ১

(ক) জীবনানন্দ দাস

(খ) মাইকেল মধুসূদন দত্ত

(গ) রবীন্দ্রনাথ ঠাকুর

২৭। কত খ্রিষ্টাব্দে এবং কীসের জন্য রবীন্দ্রনাথ শ্রেষ্ঠ পুরস্কার লাভ করেন ? ২

২৮। রবীন্দ্রনাথ লক্ষাধিক টাকা কীসের জন্য দান করেন ? ২

২৯। শান্তিনিকেতন কে প্রতিষ্ঠা করেছিলেন ? ২

৩০। রবীন্দ্রনাথ বীরভূম জেলার অন্তর্গত বোলপুরে কী প্রতিষ্ঠা করেছিলেন ? ২

৩১। ছাত্র ছাত্রীদের বন্দী করে রাখলে কী হয় ? ২

৩২। সারাংশ লিখো : ৩

আমাদের এখন আবশ্যক শক্তির সঞ্চার। আমরা দুর্বল হইয়া পড়িয়াছি। সেইজন্য আমাদের মধ্যে গুপ্ত বিদ্যা, ভুতুড়ে কান্ড সব আসিয়াছে। উহাদের মধ্যে অনেক মহান সত্য থাকিতে পারে, কিন্তু ঐগুলিতে আমাদিগকে প্রায় নষ্ট করিয়া ফেলিয়াছে। তোমাদের স্নায়ুকে সতেজ করো। আমাদের আবশ্যক লৌহ ও বজ্রের মতো দৃঢ়পেশী ও স্নায়ুসম্পন্ন হওয়া। আমরা অনেকদিন ধরিয়া কাঁদিতেছি। এখন আর কাঁদিবার প্রয়োজন নাই। এখন নিজের পায়ে ভর দিয়া দাঁড়াইয়া মানুষ হও। আমাদের এখন এমন ধর্ম চাই, যাহা আমাদিগকে মানুষ করিতে পারিবে। আমাদের এখন এমন সকল মতবাদের আবশ্যক যাহা আমদিগকে মানুষ করে। যাহাতে মানুষ প্রস্তুত হয়, সর্বাঙ্গ শিক্ষার প্রয়োজন। সত্য বলপ্রদ, সত্যই পবিত্রতা বিধায়ক, সত্যই জ্ঞানস্বরূপ।

## UNIT – IV (Writing)

### 'ঘ' – গুচ্ছ (লিখন)

৩৩। তোমার স্কুলে তুমি ক্রীড়া সচিব। আগামী ২৭শে মার্চ থেকে ৩০শে মার্চ পর্যন্ত তোমার স্কুলে বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। তাতে তোমার স্কুলের সকল ছাত্র-ছাত্রী যাহাতে উপস্থিত থাকে সেই মর্মে একটি বিজ্ঞপ্তি রচনা করো। ৪

৩৪। তোমাদের অঞ্চলে পানীয় জলের কূপে আবর্জনা পড়ে জল ময়লা হওয়াতে তোমার অঞ্চলে পানীয় জলের সংকট দেখা দিয়েছে। এই মর্মে একটি প্রতিবেদন রচনা করো। ৪

৩৫। ভাবসম্প্রসারণ করো : ৫

শুধু হাত দিয়ে সেবা নয়, নাহি সেবে যদি প্রাণ।

৩৬। তোমার ছোট ভাইয়ের জন্মদিন উপলক্ষ্যে নিমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখো। (চিঠিতে তোমার নামের জায়গায় 'ক' লিখবে। ঠিকানার প্রয়োজন নাই) ৫

৩৭। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ৭

(ক) পল্লীজীবন ও নাগরিক জীবন

(খ) অধ্যাবসায়

(গ) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর

## UNIT – V (Functional Grammar)

### 'ঙ' – গুচ্ছ (ব্যবহারিক ব্যাকরণ)

৩৮। 'চেয়ার' কোন ভাষার শব্দ : ১

(ক) বাংলা

(খ) ফারসী

(গ) ইংরেজি

৩৯। যে পদ বিশেষ্যের পরিবর্তে ব্যবহৃত হয় তাকে : ১

(ক) বিশেষ্য পদ বলে

(খ) বিশেষণ পদ বলে

(গ) সর্বনাম পদ বলে

৪০। ত্রিপদী : ১

(ক) দুই পদের সমাহার

(খ) তিন পদের সমাহার

(গ) চার পদের সমাহার

৪১। শশাঙ্ক : ১

(ক) শশা + অঙ্ক

(খ) শশ + আঙ্ক

(গ) শশ + অঙ্ক

৪২। কলিকাতা : ১

(ক) ব্যাক্তিবাচক বিশেষ্য

(খ) স্থান বাচক বিশেষ্য

(গ) জাতি বাচক বিশেষ্য

৪৩। দ্বিতীয়া বিভক্তি : ১

(ক) দ্বারা, দিয়া

(খ) র, এর

(গ) এ, তে, য়

৪৪। সমাস কাহাকে বলে ? ১

৪৫। বিশেষ্য কাহাকে বলে ? ১

৪৬। স্বরসন্ধি কাহাকে বলে ? ১

৪৭। পদ কাহাকে বলে ? ১